অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/30/2022 **গভর্নর ক্যাথি হোকল**

রচেষ্টারের এল ক্যামিনো এলাকায় 13 মিলিয়ন ডলারের সাশ্রয়ী আবাসন উন্নয়নের নির্মাণ কাজ শেষ হওয়ার ঘোষণা করেছেন গভর্নর হোকল

দুই-পর্যায়ের পুয়েবলো নুয়েভো উন্নয়নের সমাপ্তি 104টি সাশ্রয়ী, শক্তি-দক্ষ বাড়ি, 10,000 বর্গ-ফুটের কমিউনিটি সেন্টার, অন-সাইট পরিষেবা তৈরি করে

উন্নয়নের মধ্যে প্রাক্তন গৃহহীন পরিবার এবং বৌদ্ধিক ও উন্নয়নমূলক প্রতিবন্ধী প্রাপ্তবয়স্কদের জন্য নিবেদিত আবাসন অন্তর্ভুক্ত

এই বিনিয়োগ "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড" এর পরিপূরক - যা কমিউনিটিকে পুনরুজ্জীবিত করার ও অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য এই অঞ্চলের সমন্বিত কৌশল

ছবি পাওয়া যাবে এখানে

গভর্নর ক্যাথি হোকল আজ রচেষ্টারের এল ক্যামিনো এলাকায় 13 মিলিয়ন ডলারের সাশ্রয়ী আবাসন উন্নয়নের নির্মাণের কাজ শেষ হয়েছে বলে ঘোষণা করেছেন। পুয়েবলো নুয়েভো ফেজ II 29টি সাশ্রয়ী এবং সহায়ক গৃহ তৈরি করে রচেষ্টারের এল ক্যামিনো এলাকায় এবং একটি খালি গুদামকে 10,000 বর্গ-ফুটের কমিউনিটি সেন্টারে রূপান্তরিত করে। এক সাথে, পুয়েবলো নুয়েভো ফেজ I এবং II এল ক্যামিনোর আশেপাশের এলাকাকে পুনরুজ্জীবিত করার জন্য দৃষ্টির পরিকল্পনার অংশ হিসাবে মোট 104টি সাশ্রয়ী মূল্যের এবং সহায়ক বাড়ি প্রদান করে।

"প্রত্যেক নিউ ইয়র্কবাসী সাফল্যের জন্য প্রয়োজনীয় সংস্থানগুলির অ্যাক্সেস সহ মানসম্পন্ন, নিরাপদ, সাশ্রয়ী মূল্যের আবাসন প্রাপ্য," **গভর্নর হোকল বলেছেন।** "এল ক্যামিনোতে আমাদের বিনিয়োগ রচেস্টারের পরিবারদের জন্য কেবল নতুন বাড়ির বেশি তৈরি করেছে; আমরা এটাও নিশ্চিত করছি যে আশেপাশের এলাকায় সেই পরিষেবা, সুযোগ-সুবিধা এবং বৈশিষ্ট্য রয়েছে যা এই সম্প্রদায়কে দীর্ঘমেয়াদে টিকিয়ে রাখবে।"

"পুয়েবলো নুয়েভো প্রকল্পের মতো সহায়ক আবাসনের প্রকল্পগুলি রচেস্টারের এল ক্যামিনোর মতো সেই এলাকাগুলিকে ফিরিয়ে আনার জন্য গুরুত্বপূর্ণ যা দীর্ঘদিন ধরে অবহেলিত ছিল," **লেফটেন্যান্ট গভর্নর আন্তোনিও ডেলগাডো বলেছেন।** "এই সাশ্রয়ী মূল্যের আবাসন উন্নয়ন এমন মানুষদের 29টি নতুন বাড়ি সরবরাহ করবে যারা অন্যথায় সেখানে থাকতে পারবেন

না, এবং নতুন কমিউনিটি সেন্টারটি সম্প্রদায়ের সদস্যদের একত্রিত হওয়ার জন্য একটি জায়গা প্রদান করবে। ঐতিহাসিক এল ক্যামিনো জেলাকে পুনরুদ্ধার করা বহু প্রকল্পের মধ্যে এটি মাত্র একটি।"

পুয়েবলো নুয়েভো পেজ II আবাসনকে আরো বেশি সাশ্রয়ী, সমতাপূর্ণ, ও স্থিতিশীল করার জন্য গভর্নর হোকলের রাজ্যব্যাপী পরিকল্পনার অংশ। সম্প্রতি প্রণীত স্টেট বাজেটে গভর্নর 25 বিলিয়ন ডলারের একটি নতুন পাঁচ-বছর মেয়াদী সমন্বিত আবাসন পরিকল্পনা সফলভাবে প্রণয়ন করেছেন যা নিউ ইয়র্ক জুড়ে 100,000 সাশ্রয়ী বাড়ি তৈরি বা সংরক্ষণ করার মাধ্যমে আবাসনের সরবরাহ বৃদ্ধি করবে, যার মধ্যে অসহায় জনগোষ্ঠীর জন্য সহায়তামূলক পরিষেবাসম্পন্ন 10,000 বাড়ি এবং আরো 50,000 বাড়িতে বিদ্যুতায়ন সম্পন্ন করা অন্তর্ভুক্ত রয়েছে।

পুয়েবলো নুয়েভো ফেজ II-এ 29টি সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরির জন্য বারোটি ডুপ্লেক্স বিল্ডিং এবং পাঁচটি একক পারিবারিক বাড়ির নতুন নির্মাণ পূরণ করা অন্তর্ভুক্ত রয়েছে। এই সব গৃহগুলি যে সকল পরিবার অঞ্চলের মধ্যম পর্যায়ের আয়ের 50 শতাংশ বা তার নিচে উপার্জন করে তাদের সামর্থ্যের মধ্যে।

ছয়টি গৃহ পূর্বে গৃহহীন পরিবারদের জন্য সংরক্ষিত, যারা এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভ (Empire State Supportive Housing Initiative) দ্বারা অর্থায়িত এবং নিউ ইয়র্ক স্টেট অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিজেবিলিটি অ্যাসিস্টেন্সের (Office of Temporary and Disability Assistance) দ্বারা পরিচালিত অন-সাইট সহায়ক সেবার অ্যাক্সেস পাবে। রচেস্টার এবং মনরো কাউন্টির ইয়াং উইমেন্স ক্রিশ্চিয়ান অ্যাসোসিয়েশন (Young Women's Christian Association, YWCA) এই পরিবারগুলি জন্য পরিষেবা প্রদান করবে। পরিষেবাগুলির মধ্যে রয়েছে বাসিন্দাদের সম্প্রদায়ের সংস্থানগুলি অ্যাক্সেস করতে সাহায্য করা, কর্মসংস্থানের জন্য প্রস্তুত করা এবং তা লাভ করা এবং স্বাধীন জীবনযাপনের বাধাগুলির মোকাবিলা করা।

216 ক্লিফোর্ড অ্যাভিনিউতে এল ক্যামিনো কমিউনিটি সেন্টার, একটি দীর্ঘ-শূন্য গুদাম থেকে রূপান্তরিত, ব্যবসার উন্নয়ন, কর্মশালা, শিক্ষামূলক প্রোগ্রাম, সাংস্কৃতিক প্রোগ্রামিং, বিনোদন, এবং অর্থনৈতিক ও সামাজিক অগ্রগতি সমর্থন করে এমন অন্যান্য পরিষেবাগুলির জন্য ADA অনুগত অফিস স্থান প্রদান করে।

আবাসিক ভবনগুলি নিউ ইয়র্ক স্টেট এনার্জি, রিসার্চ এবং ডেভেলপমেন্ট অথোরিটির (New York State Energy Research and Development Authority, NYSERDA) কম-উচ্চতার নতুন নির্মাণ প্রোগ্রামের আবশ্যকতাগুলি পূরণ করার জন্য ডিজাইন করা। প্রতিটি ভবনে থাকবে উচ্চ কার্যকর উত্তাপ ও শীতলীকরণ ব্যবস্থা, উচ্চ-দক্ষতার LED বাতি, কম-প্রবাহের প্লাম্বিং ফিক্সচার এবং এনার্জি স্টার সরঞ্জামসমূহ।

পুয়েবলো নুয়েভো উন্নয়নের প্রথম পর্যায়টি 2021 সালে সম্পন্ন হয়েছিল এবং নর্থ ক্লিনটন অ্যাভিনিউ এবং সেন্ট মাইকেল চার্চের (St. Michael’s Church) ঠিক দক্ষিণে একটি পাঁচ-ব্লকের এলাকা জুড়ে 20টি খালি বা অব্যবহৃত লটে 75টি অ্যাপার্টমেন্টের নতুন নির্মাণ অন্তর্ভুক্ত ছিল। 12 হোল্টজার স্ট্রিটে একটি পৃথক শহরের-মালিকানাধীন জায়গাকে বাগান, হাঁটার পথ, একটি

খেলার মাঠ ও পিকনিক করার প্যাভিলিয়ন সহ একটি সম্প্রদায়ের সবুজ স্থানে রূপান্তর করা হয়েছে।

পেজ। বুদ্ধিগত ও বিকাশগত অক্ষমতা সহ প্রাপ্তবয়স্কদের জন্য সংরক্ষিত উনিশটি অ্যাপার্টমেন্ট প্রদান করে যারা ইবারো-আমেরিকান অ্যাকশন লীগ (Ibero-American Action League) প্রদত্ত সমর্থন সেবা গ্রহণের সুযোগ পাবেন।

পুয়েবলো নুয়েভোর উভয় পর্যায়এর নির্মাতা হল ইবারো-আমেরিকান ডেভেলপমেন্ট কর্পোরেশন (Ibero-American Development Corporation), যা ইবারো-আমেরিকান অ্যাকশন লিগ ইঙ্কের (Ibero-American Action League, Inc.) নির্মাণ প্রতিষ্ঠান।

পুয়েবলো নুয়েভো পেজ II এ রাজ্যের বিনিয়োগের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে ফেডারেল ও স্টেটের নিম্ন-আয়ের আবাসনের ট্যাক্স ক্রেডিট যা 9 মিলিয়ন ডলারের ইক্যুইটি তৈরি করেছে, এবং নিউ ইয়র্ক স্টেটের হোমস এন্ড কমিউনিটি রিনিউয়ালের (New York State Homes and Community Renewal) তরফ থেকে 3.5 মিলিয়ন ডলারের অতিরিক্ত ভর্তুকি। NYSERDA লো-রাইজ নতুন নির্মাণ কর্মসূচির মাধ্যমে 92,400 মার্কিন ডলারের সমর্থন প্রদান করেছে।

HCR কমিশনার রুথান ভিসনাউসকাস বলেছেন, "দুই-পর্যায়ের পুয়েবলো নুয়েভো উন্নয়ন ব্যক্তি এবং পরিবারদের জন্য 104টি আধুনিক এবং শক্তি সাশ্রয়ী বাড়িগুলির সাথে ধসে পড়া কাঠামোগুলি এবং খালি পার্সেলগুলিকে প্রতিস্থাপন করেছে, এবং একটি একেবারে নতুন কমিউনিটি সেন্টার এমন ব্যক্তিদের উপকৃত করবে যারা এই বৈচিত্র্যময় এবং সাংস্কৃতিকভাবে সমৃদ্ধ এলাকাকে বাড়ি বলে ডাকেন। এই ব্যাপক এলাকা-বিস্তৃত বিনিয়োগ এল ক্যামিনোর স্থানীয় অর্থনীতিকে শক্তিশালী করবে এবং বাসিন্দাদের তাদের সফল হওয়ার জন্য প্রয়োজনীয় সংস্থান এবং মানসম্পন্ন আবাসনের সুযোগগুলি প্রদান করবে। ইবেরো-আমেরিকান অ্যাকশন লিগের (Ibero-American Action League)কাছে এই প্রকল্পটিকে বাস্তবে রূপ দেওয়ার জন্য তাদের ভিশনের জন্য এবং রাজ্য জুড়ে সাশ্রয়ী মূল্যের আবাসনের সরবরাহ বাড়ানোর জন্য গভর্নর হোকলের কাছে আমরা কৃতজ্ঞ।"

NYSERDA-র প্রেসিডেন্ট এবং CEO ডোরিন এম. হ্যারিস বলেছেন, "পুয়েবলো নুয়েভো অ্যাপার্টমেন্টগুলি রচেস্টারের স্বল্প আয়ের এবং দুর্বল বাসিন্দাদের একটি নতুন সাশ্রয়ী মূল্যের এবং সহায়ক আবাসনের বিকল্প প্রদান করে যা উচ্চ কর্মক্ষমতার শক্তির দক্ষতার বৈশিষ্ট্যগুলিকে অন্তর্ভুক্ত করে যা একটি আরও স্বাস্থ্যকর এবং আরও আরামদায়ক জীবনযাপনের পরিবেশ প্রদান করতে এবং শক্তির খরচ কমাতে সাহায্য করে। এই ধরনের প্রকল্পের মাধ্যমে, আমরা জলবায়ু-বান্ধব ভবনগুলি নির্মাণের জন্য আমাদের প্রচেষ্টাকে আরও জোরদার করছি এবং নিশ্চিত করছি যে সকল নিউ ইয়র্কবাসী একটি পরিচ্ছন্ন শক্তির অর্থনীতিতে রূপান্তরিত হওয়ার ক্ষেত্রে সমানভাবে উপকৃত হবে।"

অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিজেবিলিটি অ্যাসিস্ট্যান্সের (Office of Temporary and Disability Assistance) কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিটজ বলেছেন, "সহায়ক আবাসন রাজ্যব্যাপী আবাসনের অস্থিতিশীলতা কমাতে আমাদের প্রচেষ্টাগুলির একটি গুরুত্বপূর্ণ উপাদান। এই নতুন অ্যাপার্টমেন্টগুলি দীর্ঘস্থায়ীভাবে গৃহহীন ব্যক্তিদের সমর্থন এবং সহায়তা

প্রদান করবে যার উপর তারা স্থিরভাবে গৃহে বসবাস করার জন্য নির্ভর করতে পারে। গভর্নর হোকল এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভের (Empire State Supportive Housing Initiative) মতো প্রোগ্রামগুলির জন্য তার সমর্থনের মাধ্যমে রাজ্যব্যাপী গৃহহীনতা হ্রাস করার জন্য তার অটল প্রতিশ্রুতি প্রদর্শন করে চলেছেন, যা পুয়েবলো নুয়েভোর মতো প্রকল্পগুলির জন্য গুরুত্বপূর্ণ মূলধন প্রদান করে।"

রাজ্যের সিনেটর জেরেমি কুনি বলেন, "আমি পুয়েবলো নুয়েভো ফেজ II সম্পূর্ণ হতে দেখে রোমাঞ্চিত। নিউ ইয়র্ক স্টেট এখানে, রচেস্টারে, স্বল্প-আয়ের এবং সহায়ক আবাসন তৈরির এই গুরুত্বপূর্ণ প্রকল্পে অবদান রাখতে পেরে গর্বিত। যে পরিবারগুলি পুয়েবলো নুয়েভোকে বাড়ি বলে ডাকবেন তাদের জন্য ভবিষ্যতে কি আছে এবং এই আশেপাশের এলাকার পুনরুজ্জীবনের জন্য ভবিষ্যত কী আছে তা দেখার জন্য আমি অধীর আগ্রহে অপেক্ষা করছি।"

অ্যাসেম্বলিমেম্বার ডেমন্ড মিকস বলেন, "আমাদের সম্প্রদায়ের সদস্যদের জীবনযাত্রা উন্নত করার জন্য একটি পরিষ্কার বিনিয়োগ দেখতে পেরে আমি কৃতজ্ঞ। টেকসই আবাসন প্রদান করার মাধ্যমে আমাদের অবশ্যই সম্প্রদায়ের অধিকার-বঞ্চিত সদস্যদের উন্নয়ন করতে হবে। নিরাপদ, পরিচ্ছন্ন এবং সাশ্রয়ী আবাসন একটি মৌলিক চাহিদা যা থেকে আমাদের সম্প্রদায়ের অনেক বেশি সদস্যকে বঞ্চিত করা হচ্ছে। প্রজন্মিক সম্পদ গঠন ও দারিদ্র্যের চক্র মুক্ত হতে একটি মর্যাদাপূর্ণ বাসা আবশ্যক। আমি ইবারো-আমেরিকান ডেভেলপমেন্টাল কর্পোরেশনকে আমাদের এলাকা এবং আমাদের পরিবারের কল্যাণে তাদের অঙ্গীকারের জন্য ধন্যবাদ জানাতে চাই। আমি আশাবাদী যে পুয়েব্লো নুয়েভো II আমাদের সম্প্রদায়ের সর্বাধিক দুর্বল বাসিন্দাদের জন্য কার্যকর সংস্থান এবং নির্ভরযোগ্য বাসস্থান প্রদান করতে থাকবে।"

মনরো কাউন্টির নির্বাহী অ্যাডাম বেলো বলেছেন, "স্থিতিশীল এবং সাশ্রয়ী মূল্যের আবাসন আমাদের সমস্ত সম্প্রদায়কে স্বাস্থ্যকর, নিরাপদ এবং আরও সমৃদ্ধ করার জন্য একটি গুরুত্বপূর্ণ সম্পদ এবং চাবিকাঠি - যে কারণে পুয়েবলো নুয়েভো ফেজ II এর সমাপ্তি শহরের বাসিন্দাদের ভবিষ্যতের জন্য একটি উজ্জ্বল স্থান। ধন্যবাদ গভর্নর ক্যাথি হোকল, রচেস্টার শহর এবং মনরো কাউন্টির প্রতি আপনার অঙ্গিকারবদ্ধতার জন্য।"

মেয়র মালিক ডি. ইভান্স বলেছেন, "পুয়েবলো নুয়েভো হাউজিং ডেভেলপমেন্ট রচেস্টারের এল ক্যামিনো এলাকার রূপান্তরকে এগিয়ে নিয়ে যাচ্ছে অনন্য বিনিয়োগের সাথে যা রচেস্টারের ল্যাটিনএক্স এবং নতুন আমেরিকান সম্প্রদায়ের সমৃদ্ধ ঐতিহ্য এবং সংস্কৃতি উদযাপন করে। ইবেরো আমেরিকান ডেভেলপমেন্ট কর্পোরেশন এবং নিউ ইয়র্ক হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের সাথে আমাদের অংশীদারিত্বের মাধ্যমে এই প্রকল্পের জন্য রচেস্টার শহরের সমর্থনের জন্য আমি গর্বিত। আমাদের আশেপাশের এলাকাগুলিকে শক্তিশালী করা একটি উত্তেজনাপূর্ণ ভবিষ্যত সহ একটি আশা-ভরা শহর তৈরি করার ভিশনের একটি গুরুত্বপূর্ণ উপাদান।"

IADC-র নির্বাহী ভাইস প্রেসিডেন্ট ইউজেনিও মার্লিন বলেছেন, "পুয়েবলো নুয়েভোর এই পর্যায়ের সমাপ্তির সাথে সাথে, আমরা অবহেলিত একটি এলাকাকে এমন একটি জায়গায় রূপান্তরিত করার জন্য আমাদের ভিশন পূর্ণ করে চলেছি যেখানে মানসম্পন্ন সাশ্রয়ী মূল্যের

আবাসন এবং সবুজ স্থান রয়েছে যা পরিবারগুলিকে সম্প্রদায় হিসাবে একত্রিত করে, ও তার সাথে অর্থনৈতিক শক্তিতে এলাকাটিকে পরিপূর্ণ করে। আন্তর্জাতিক প্লাজার বিকাশের সাথে এই প্রকল্পটি এলাকাটিতে নতুন জীবনশক্তি সঞ্চারিত করছে।"

ফিঙ্গার লেক ফরোয়ার্ড ত্বরান্বিত করা

আজকের ঘোষণাটি "ফিঙ্গার লেকস ফরওয়ার্ড" এর পরিপূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সম্প্রদায়ের উন্নয়নের জন্য এই অঞ্চলের ব্যাপক ব্লুপ্রিন্ট। আঞ্চলিকভাবে পরিকল্পিত পরিকল্পনাটি ফোটোনিক্স, কৃষি এবং খাদ্য উৎপাদন, এবং উন্নত উত্পাদন সহ মূল শিল্পগুলিতে বিনিয়োগের উপর দৃষ্টি নিবদ্ধ করে। এখন, অঞ্চলটি আপস্টেট পুনর্জাগরণ উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের রাষ্ট্রীয় বিনিয়োগের সাথে ফিঙ্গার লেকস ফরওয়ার্ডকে ত্বরান্বিত করছে। স্টেটের 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি ব্যবসগুলিকে 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করতে অনুপ্রাণিত করবে - এবং জমা দেওয়া অঞ্চলের পরিকল্পনাটি 8,200-টি অবধি নতুন চাকরি প্রদান করার আশা রাখে। আরো তথ্য পাওয়া যাবে এখানে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন